আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
কেন্দ্রীয় হিসাব উপ-বিভাগ
সেন্ট্রাল রেমিট্যান্স সেল (CRC)

সূত্র নং ঃ ১/১০/২৩৩/ ৪৬৭৭
তারিখ ঃ ০৪-০২-২০১৯

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

বিষয় ঃ বৈদেশিক রেমিট্যান্স পেমেন্ট এর গতিশীলতা বৃদ্ধি ও ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ প্রসঙ্গে।

প্রবাসে কর্মরত নাগরিকদের স্বদেশের প্রেরিত অর্থকে রেমিট্যান্স বলে। তাদের অর্জিত অর্থের একটা অংশ ব্যাংকের মাধ্যমে পরিবারের কাছে পাঠায়। এই অর্থ কেবল তাদের পরিবারের প্রয়োজনই মেটায় না, তাদের জীবনযাত্রার মান বৃদ্ধি করে এবং নানা ক্ষেত্রে বিনিয়োগ হয়ে দেশের অর্থনৈতিক উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। কোন দেশের প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্স থেকে অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হয়। বিদেশে কর্মরত শ্রমিকদের পাঠানো অর্থ এখন বৈদেশিক মুদ্রার আয় একক বৃহত্তম উৎস এবং বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। রেমিট্যান্সের ফলে শ্রমিকদের পরিবারের জীবনযাত্রার মান উন্নত হয়েছে এবং দরিদ্র ও কম দক্ষ শ্রমিকের পক্ষে আয় আহরণের উন্নতি ঘটেছে।

২। বাংলাদেশে, রেমিট্যান্স সাম্প্রতিক সময়ে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সূচক গুলির মধ্যে একটি। সময় হিসাবে এটা বৈদেশিক পেমেন্ট ভারসাম্য রাখতে সাহায্য করে, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি, জাতীয় সঞ্চয় বৃদ্ধি এবং অর্থের প্রবাহ বৃদ্ধি করে। সাম্প্রতিক সময়ে বৈদেশিক ঋণের নির্ভরশীলতা হ্রাসে রেমিট্যান্সের প্রভাব অনস্বীকার্য। তৈরী পোষাক খাতের পর বৈদেশিক মুদ্রা অর্জনে দ্বিতীয় বৃহত্তম সেক্টর হলো রেমিট্যান্স। গত দুই দশকে বাংলাদেশের লাখ লাখ মানুষের দারিদ্র্য বিমোচন ও জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধিতে রেমিট্যান্স নতুন মাত্রা যোগ করেছে। বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দাসহ অভ্যন্তরীণ ও দাতা গোষ্ঠির বাহ্যিক চ্যালেঞ্জ, প্রাকৃতিক দূর্যোগ ও রাজনৈতিক অনিশ্চয়তা থাকা সত্ত্বেও বাংলাদেশের বার্ষিক প্রবৃদ্ধি উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক রেমিট্যান্স প্রবাহকে মূল স্রোতের সাথে সংগতি রেখে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এনসিসি ব্যাংক লি.এর সহায়তায় আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক শুরু থেকে এ পর্যন্ত ৭৯ টি শাখার মাধ্যমে ২৩২.১৯ লক্ষ টাকা রেমিট্যান্স প্রদান করেছে। প্রেরকের তহবিল সাধারণত পরিবারের মৌলিক চাহিদা পূরণে এবং প্রবাসী পরিবারের সদস্যদের জীবনযাত্রার মানউন্নয়নের পাশাপাশি দক্ষ মানবসম্পদ তৈরিতে ব্যবহৃত হয়। কেউ লাভজনক সম্ভাবনাগুলিতে উদ্বৃত্ত বিনিযোগ করে বিকল্প আয়ের উৎস তৈরি করে। আমাদের অর্থনৈতিক গতিশীলতার ক্ষেত্রে রেমিট্যান্স গুরুত্বপূর্ণ চালিকা শক্তি হিসাবে কাজ করে। রেমিট্যান্স আমাদের মোট অভ্যন্তরীণ আয় বা জিডিপির উল্লেখযোগ্য অংশ যা জাতীয় অর্থনীতির অন্যতম চালিকাশক্তি। বাংলাদেশ এখন বিশ্বের ৯ম রেমিট্যান্স অর্জনকারী দেশ।

৩। তাই আস্থার সাথে বলা যায়, এই রেমিট্যান্স থেকে সেই প্রবাসী কর্মজীবির পরিবার এবং দেশ উভয়েই লাভবান হয়ে থাকে যা বিশ্ব মন্দা এবং স্থানীয় নানা সমস্যা সত্ত্বেও অর্থনীতির যে সেক্টর নিয়ে আমরা গর্ব বোধ করতে পারি তা হচ্ছে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে দেশের প্রায় ৬২ লক্ষ আনসার-ভিডিপি সদস্যের পরিবার ও তার আত্মীয় স্বজনকে রেমিট্যান্স কার্যক্রমে দেশের সবচেয়ে বৃহত্তম নেটওয়ার্ক এর সাথে যুক্ত করে দেশের অর্থনীতিতে ভূমিকা রাখার সুবিশাল সুযোগ রয়েছে। সর্বোপরি, রেমিট্যান্স দারিদ্র্য নিরসনে সহায়তা করে, নারীর ক্ষমতায়নে ভূমিকা রাখে, সামাজিক-অর্থনৈতিক অবস্থার উন্নতি করে এবং প্রত্যক্ষভাবে ও পরোক্ষভাবে আরও লাগসই উপযোগী হিসাবে গড়ে তোলে যা আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের মিশন-ভিশন।

৪। উপরোক্ত বিষয়ে প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ এর অফিস আদেশ নং-১/১০/৩৩৩/৫০২৩(২০০) তারিখঃ ২৭/১১/২০১২;আদেশ নং ১/১০/২৩৩/৪৯৪৩ তারিখ : ১৮/০২/২০১৮; আদেশ নং - ১/১১/২৩৩/৬৮৩৯ তারিখ: ০৯/০৫/২০১৮; আদেশ নং- ১/১০/২৩৩/২৯২৮ তারিখ: ০৫/১১/২০১৮ এর মাধ্যমে সার্বিক বিষয়ে আপনাদের জানানো হয়েছে। উক্ত অফিস আদেশ মোতাবেক রেমিট্যান্স বিষয়ে নির্দেশনাবলী সঠিকভাবে পালিত না হওয়ায় কার্যক্রম ক্রমান্বয়ে স্ফীত হলেও তা সময়ের চাহিদায় অপ্রতুল যার চিত্র নিম্নরুপঃ

| সাল | আওতাধীন শাখার সংখ্যা | রেমিটেন্স লেনদেনের সংখ্যা | প্রদানকৃত টাকার পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ২০১২ | ৭ | ১৬ | ৫.৭৫ |
| ২০১৩ | ৩৮ | ৮৯ | ২.৮৬ |
| ২০১৪ | ১৩ | ১১২ | ৩৩.৭০ |
| ২০১৫ | ৬৬ | ১২১ | ৪৪.৬৯ |
| ২০১৬ | ৬৯ | ১৪৩ | ৩৪.৭৮ |
| ২০১৭ | ৭৫ | ১৫৬ | ৫১.৫০ |
| ২০১৮ | ৭৯ | ২৪০ | ৫৮.৮৮ |
| মোট | ৩৪৭ | ৮৭৭ | ২৩২.১৬ |

ছকঃ এভিইউবি এর রেমিটেন্স কার্যক্রমের চিত্র





Scanned by CamScanner

৫। ইতিমধ্যে রেমিট্যান্স কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ০৫-১১-২০১৮ তারিখে প্রধান কার্যালয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়কে সভাপতি করে ৫ সদস্য বিশিষ্ট Central Remittance Cell (CRC) কমিটি পুনঃগঠন করা হয়। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক ও ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড (এনসিসি ব্যাংক লি.) এর ০১-০৮-২০১১ তারিখে রেমিট্যান্স চুক্তির মধ্য দিয়ে অত্র ব্যাংকের শাখাগুলির মাধ্যমে বেনিফিসিয়ারীদের নিকট পৌছানোর সুযোগ সৃষ্টি হয়েছে। সেন্ট্রাল রেমিট্যান্স সেল এর বিগত ৭ বছরে সীমিত সংখ্যক রেমিট্যান্স পেমেন্ট, শাখার কর্মকর্তাদের গাফলতি, সকল শাখায় রেমিটেন্স কার্যক্রম সম্প্রসারণ করতে ব্যর্থ হওয়ায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দারুণভাবে মনঃক্ষুন্ন ও অসন্তোষ প্রকাশ করেন। উল্লেখ্য যে,রেমিট্যান্স কার্যক্রমের পুরস্কার স্বরূপ সিংগাইর শাখা,মানিকগঞ্জ; ছাতক শাখা,সুনামগঞ্জ; বরুড়া শাখা, কুমিল্লা; বাবুগঞ্জ ষ্টীমারঘাট শাখা,বরিশাল; মধুখালী শাখা,ফরিদপুর এর কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা বাবদ ৮,৮০০/- টাকা এবং শাখার আয় বাবদ ৩৩,০২০/- টাকা ইতিমধ্যে প্রদান করা হয়েছে।

৬। সভাপতি মহোদয় রেমিট্যান্স পেমেন্ট বৃদ্ধির কার্যক্রমকে আরও বেগবান করাসহ কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ ও দিক নির্দেশনা প্রদান করেন।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা পরিপালনের জন্য পরামর্শ দেয়া হলো ঃ

ক) Remittance Instruction Sheet for Branch (Enclosure:1) মোতাবেক রেমিট্যান্স পেমেন্ট কালে গ্রাহকের তথ্যাদি পূরণ করে সংরক্ষণ করতে হবে।

খ) KYC Form (Enclosure:2) অনুসারে বেনিফিশিয়ারীর তথ্য পূরণ করে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, MoneyGram মানি ট্রান্সফার এজেন্ট এর জন্য সংযুক্ত Receive Form এবং অন্যান্য সকল মানি ট্রান্সফার এজেন্ট এর জন্য সংযুক্ত Foreign Remittance Receive Form ব্যবহার করতে হবে। তাছাড়াও Ref No/PIN No এর প্রেক্ষিতে Pull out এর মাধ্যমে প্রাপ্ত ই-মেইলের সহিত সংযুক্ত Pro-forma প্রিন্ট করে গ্রাহকের স্বাক্ষর নিয়ে সংরক্ষণ করতে হবে।

গ) রেমিট্যান্স গ্রহনকারীর Ref No/PIN No, Name, Valid Photo ID (National ID Card /Passport/ Driving License/Trade License), Phone/ Mobile No. and other Information এবং Sender's Name, Sender's phone/Mobile No. and other information এই তথ্যগুলো যাচাই করে KYC Form এ নিতে হবে।

ঘ) নির্ধারিত স্থানে গ্রাহকের স্বাক্ষর নিয়ে টাকা প্রদান করতে হবে।

ঙ) KYC Form এর গ্রাহকের কপি প্রদান পূর্বক ব্যাংকের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

চ) হিসাব সার্কুলার মোতাবেক রেমিট্যান্স পেমেন্টের একটি আলাদা রেজিষ্টার সংরক্ষণ করতে হবে।

ছ) হিসাব সার্কুলার মোতাবেক যথাযথভাবে ভাউচার প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট হিসাব খাতে পোষ্টিং দিতে হবে।

জ) ৩২টি মানি ট্রান্সফার এজেন্ট এর সহযোগী পার্টনার হিসাবে অত্র ব্যাংকের মাধ্যমে বিদেশ হতে প্রেরিত অর্থ প্রদান করা হয়ে থাকে (Enclosure:3)।

৭। রেমিট্যান্স কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত নিম্নলিখিত সিদ্ধান্ত পরিপালনের জন্য পুনরায় সকলকে পরামর্শ দেয়া হলো ঃ

ক) রেমিট্যান্স ব্যবসা কার্যক্রম বৃদ্ধির জন্য প্রশিক্ষণ ও ইউজার আইডি সৃষ্টির লক্ষ্যে উপযুক্ত শাখা নির্বাচন করে প্রশিক্ষণ এর আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। পর্যায়ক্রমে অত্র ব্যাংকের আঞ্চলিক ব্যবস্থাপকসহ সবগুলো শাখায় ব্যবসায়িক লক্ষ্যমাত্রা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

খ) বৈদেশিক রেমিট্যান্স প্রদান বাবদ এনসিসি ব্যাংক হতে প্রাপ্য কমিশন অত্র ব্যাংকের পেমেন্ট শাখাতে প্রদান করা। প্রতিটি পেমেন্টের জন্য কমিশনের উপর ২৫% প্রণোদনা দেয়ার প্রস্তাব গৃহীত হয়।

গ) প্রতিটি রেমিট্যান্স প্রদান বাবদ এনসিসি ব্যাংক হতে ১০০/- টাকা কমিশন পাওয়া যায়। উক্ত কমিশন হতে ভ্যাট ও ব্যাংক চার্জ কর্তনপূর্বক অবশিষ্ট ৮০/- টাকা থেকে ২৫% প্রণোদনা বাবদ ২০/- টাকা শাখার কর্মকর্তা ও কর্মচারীদের এবং অবশিষ্ট ৬০/- টাকা শাখার আয় খাতে জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) বৈদেশিক রেমিট্যান্স কার্যক্রম প্রচারের লক্ষ্যে অত্র ব্যাংকের নির্বাচিত শাখাগুলোতে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের নাম ও মনোগ্রাম সম্বলিত ব্যানার, ফেষ্টুন, লিফলেট ইত্যাদি শাখাগুলোতে যথাযথভাবে সংরক্ষন, প্রদর্শন ও দৃশ্যমান স্থানে টাঙ্গানোর নির্দেশনা প্রদান করা হয়।

ঙ) আনসার-ভিডিপি সদস্য-সদস্যা কিংবা তাদের আত্মীয়-স্বজন বিদেশে থাকে এমন গ্রাহক চিহ্নিত করে ব্যবসায়িক প্রমোশন বাড়ানোর উদ্যোগ গ্রহনকারীর ব্যবস্থা নিয়ে তালিকা সংরক্ষণ করতে হবে।

চ) আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শন কালে বৈদেশিক রেমিট্যান্স পেমেন্ট এর কার্যক্রম ফলো-আপসহ রেমিট্যান্স ব্যবসাকার্যক্রম সম্প্রসারণে উদ্যোগী হওয়ার পরামর্শ প্রদান করবেন।



Scanned by CamScanner

ছ) রেমিট্যান্স বেনিফিসিয়ারীদের সাথে অফিশিয়াল সু-সম্পর্ক স্থাপন করে প্রযোজ্য ক্ষেত্রে ঋণ বিতরণ ও আমানতের সম্ভাব্য নতুন গ্রাহক সৃষ্টি করা যেতে পারে।

৮। বৈদেশিক রেমিট্যান্স পেমেন্ট সহজীকরণের লক্ষ্যে অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ের সেন্ট্রাল রেমিট্যান্স সেল (CRC) এবং এনসিসি ব্যাংক রেমিট্যান্স এন্ড এনআরবি সার্ভিসেস ডিভিশন এর সহিত যোগাযোগের জন্য কর্মকর্তাদের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | বিভাগ/ইস্যু | মোবাইল ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ১ | জনাব আব্দুল্লা-হেল কাফী | এজিএম, কেন্দ্রীয় হিসাব উপ-বিভাগ | রেমিট্যান্স সংক্রান্ত ব্যবসায়িক প্রমোশন | 01914868722<br>kafi8722@gmail.com |
| ২ | জনাব মোহাম্মদ হাসান মাহমুদ | সিষ্টেম এনালিষ্ট, কম্পিউটার উপ-বিভাগ | রেমিট্যান্স সংক্রান্ত ব্যবসায়িক প্রমোশন | 01716014787<br>hassan.mahamud@gmail.com |
| ৩ | জনাব মোঃ ঈমান আলী | সিনিয়র অফিসার, কেন্দ্রীয় হিসাব উপ-বিভাগ | রেমিট্যান্স তহবিল ও রিকন্সিলিয়েশন সংক্রান্ত | 01715154662<br>remittance.avub@gmail.com |
| ৪ | জনাব মোঃ রুহুল কুদ্দুস | অফিসার, কম্পিউটার উপ-বিভাগ | রেমিট্যান্স অপারেশন সংক্রান্ত | 01711227192<br>remittance.avub@gmail.com |
| ৫ | জনাব মোঃ সাজেদুল হক | অফিসার,রেমিট্যান্স এন্ড এনআরবি সার্ভিসেস ডিভিশন,এনসিসি ব্যাংক লিঃ. | রেমিট্যান্স অপারেশন সংক্রান্ত | 01730303683<br>sajedul.nrb@nccbank.com.bd |
| ৬ | জনাব মোঃ আবুল হাসান | অফিসার, রেমিট্যান্স এন্ড এনআরবি সার্ভিসেস ডিভিশন এনসিসি ব্যাংক লিঃ. | রেমিট্যান্স অপারেশন ও আইটি সংক্রান্ত | 01915218904<br>hasan@nccbank.com.bd |
| ৭ | জনাব মোহাম্মদ সাখাওয়াত হোসেন | এক্সিকিউটিভ অফিসার, রেমিট্যান্স এন্ড এনআরবি সার্ভিসেস ডিভিশন | রেমিট্যান্স সংক্রান্ত ব্যবসায়িক প্রমোশন | 01716592575<br>shossain@nccbank.com.bd |
| ৮ | জনাব মাহফুজুর রহমান | সিনিয়র ভাইস প্রেসিডেন্ট রেমিট্যান্স এন্ড এনআরবি সার্ভিসেস ডিভিশন | রেমিট্যান্স সংক্রান্ত ব্যবসায়িক প্রমোশন | 01730303565<br>mahfuz@nccbank.com.bd |

৯। বৈদেশিক রেমিট্যান্স পেমেন্ট ব্যাংলাদেশ ব্যাংকের একটি অগ্রাধিকার নির্দেশনা। উক্ত পেমেন্ট সংক্রান্ত বিষয়ে গ্রাহক যাতে হয়রানির শিকার না হয় এবং কোন রেমিট্যান্স গ্রাহককে ফেরত না দেয়া হয় কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। পাশাপাশি বৈদেশিক রেমিট্যান্স পেমেন্ট ত্বরান্বিত করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হলো। ব্যাংকের বৈদেশিক রেমিট্যান্স কার্যক্রমের মাধ্যমে রেভিনিউ অর্জনের পাশাপাশি ব্যাংকের প্রচার বৃদ্ধির ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

অনুমোদনক্রমে,

০৪/০২/২০১৯

মোঃ মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক
ও
সভাপতি
সেন্ট্রাল রেমিট্যান্স সেল (CRC)
ফোন : 02-9347615
মোবাইল : 017-16 90 11 10
ই-মেইল: gmoperation@ansarvdpbank.gov.bd





Scanned by CamScanner

বিষয় ঃ বৈদেশিক রেমিট্যান্স পেমেন্ট এর গতিশীলতা বৃদ্ধি ও ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ প্রসঙ্গে।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১. ষ্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ষ্টাফ অফিসার টু জিএম (প্রশাসন), আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. জনাব মাহফুজুর রহমান,সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, রেমিট্যান্স এন্ড এনআরবি সার্ভিসেস ডিভিশন,এনসিসি ব্যাংক লিমিটেড,প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
৫. অফিস নথি/মহানথি।

৪/২/২০১৯

আব্দুল্লা-হেল কাফী
সহকারী মহাব্যবস্থাপক
কেন্দ্রীয় হিসাব উপ-বিভাগ
ও
সদস্য
সেন্ট্রাল রেমিট্যান্স সেল (CRC)
মোবাইল : 019-14 86 87 22





Scanned by CamScanner